(৪) সদস্য সচিব সভা আহ্বান করতে অসমর্থ হলে সভাপতি নিজ ক্ষমতাবলে সভা আহ্বান করবেন;

(৫) সভাপতি নির্বাহী পরিষদের সদস্য হিসাবে বামাসপ-এর উন্নয়ন ও নীতি নির্দ্ধারণে সক্রিয় ভূমিকা পালন করবেন এবং বামাসপ-এর স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে প্রাজ্ঞ সিদ্ধান্ত গ্রহণে অবদান রাখবেন;

(৬) তিনি নির্বাহী পরিষদ সভাসহ প্রয়োজনীয় সকল সভায় নিয়মিত যোগদান করবেন।

## খ. সহ-সভাপতির দায়িত্ব ও ক্ষমতা

(১) সহ-সভাপতি স্বাভাবিক পরিস্থিতিতে সভাপতির কাজে সহযোগিতা প্রদান করবেন;

(২) সভাপতির অনুপস্থিতিতে প্রথম সহ-সভাপতি (সর্বাধিক ভোটে নির্বাচিত সহ-সভাপতি) ভারপ্রাপ্ত সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন এবং প্রথম সহ-সভাপতির অনুপস্থিতিতে অনুরূপ নিয়মে পরবর্তী সহ-সভাপতি ভারপ্রাপ্ত সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন;

(৩) সহ-সভাপতি নির্বাহী পরিষদের সদস্য হিসাবে বামাসপ-এর উন্নয়ন ও নীতি নির্দ্ধারণে সক্রিয় ভূমিকা পালন করবেন এবং বামাসপ-এর স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে প্রাজ্ঞ সিদ্ধান্ত গ্রহনে অবদান রাখবেন;

(৪) তিনি নির্বাহী পরিষদ সভাসহ প্রয়োজনীয় সকল সভায় নিয়মিত যোগদান করবেন।

## গ. কোষাধ্যক্ষের দায়িত্ব ও ক্ষমতা

(১) কোষাধ্যক্ষ বামাসপ-এর যাবতীয় তহবিলের তদারক, পরিদর্শন ও পরিবীক্ষণ করবেন;

(২) তিনি হিসাব বিভাগের সহায়তায় বার্ষিক বাজেট ও আয়-ব্যয়ের হিসাব প্রতিবেদন তৈরী করবেন। অডিট ফার্ম কর্তৃক অডিট কাজে সহযোগিতা করবেন এবং বার্ষিক সাধারণ সভায় হিসাব ও অডিট প্রতিবেদন সহ পরবর্তী বৎসরের বাজেট উপস্থাপন করবেন। তবে সকল প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপনের পূর্বে নির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদন করিয়ে নিবেন;

(৩) কোষাধ্যক্ষ নির্বাহী পরিষদের সদস্য হিসাবে বামাসপ-এর উন্নয়ন ও নীতি নির্দ্ধারণে সক্রিয় ভূমিকা পালন করবেন এবং বামাসপ-এর স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে প্রাজ্ঞ সিদ্ধান্ত গ্রহণে অবদান রাখবেন;

(৪) তিনি নির্বাহী পরিষদ সভাসহ প্রয়োজনীয় সকল সভায় নিয়মিত যোগদান করবেন।

## ঘ. নির্বাহী সদস্যের দায়িত্ব ও ক্ষমতা

(১) নির্বাহী পরিষদের সদস্যগণ বামাসপ-এর উন্নয়ন ও নীতি নির্দ্ধারণে সক্রিয় ভূমিকা পালন করবেন এবং বামাসপ-এর স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে প্রাজ্ঞ সিদ্ধান্ত গ্রহণে অবদান রাখবেন;

(২) তিনি নির্বাহী পরিষদ সভাসহ প্রয়োজনীয় সকল সভায় নিয়মিত যোগদান করবেন।

## ঙ. সদস্য সচিব/ পরিচালক 'র দায়িত্ব ও ক্ষমতা

সদস্য সচিব বামাসপ কার্যনির্বাহী পরিষদ কর্তৃক নিয়োগ লাভ করবেন এবং তিনি তাঁর সকল কাজের জন্য নির্বাহী পরিষদের নিকট দায়বদ্ধ থাকবেন। তার দায়িত্ব ও ক্ষমতা হবে নিম্নরূপঃ

(১) সভাপতির অনুমতি/সম্মতি ক্রমে নির্বাহী পরিষদ, সাধারণ পরিষদ এবং ফোরাম সভাসহ প্রয়োজনীয় সকল সভা আহ্বান করবেন;

(২) সভার আলোচ্যসূচী প্রস্তুত, উপস্থাপন ও সংরক্ষণ করবেন;

(৩) সভাপতির পরামর্শক্রমে সাধারণ সদস্য, নির্বাহী সদস্য, কর্মকর্তা ও কর্মচারীদের সহায়তায় প্রতিষ্ঠানের আদর্শ, উদ্দেশ্য ও

অনুমোদিত



আকরাম হোসেন চৌধুরী

নিবন্ধীকরন কর্তৃপক্ষের পক্ষে

লক্ষ্য বাস্তবায়নে তিনি যথাযথ ব্যবস্থা নেবেন;

(৪) বামাসপ-এর উন্নয়নে তিনি দেশ-বিদেশে দাতা সংস্থার সাথে যোগাযোগ করতে পারবেন। সংস্থার কাজের বিস্তৃতির জন্য সভাপতির পরামর্শক্রমে তিনি গণ-মাধ্যমের সহিত যোগাযোগ রাখবেন;

(৫) নির্বাহী পরিষদের পরামর্শক্রমে কর্মসূচীর আভ্যন্তরীণ মূল্যায়ন-এর ব্যবস্থা, বার্ষিক প্রতিবেদন প্রস্তুত, সাধারণ সভায় তা উপস্থাপন এবং সেগুলো সকল সদস্যদের মাঝে বিতরণ করবেন;

(৬) বামাসপ-এর প্রশাসনিক ও কর্মসূচী সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে প্রধান নির্বাহী হিসেবে কাজ করবেন;

(৭) নির্বাহী পরিষদ, সাধারণ পরিষদ, উপদেষ্টা পরিষদ, উপ-কমিটি ও বামাসপ কর্মচারীদের মাঝে সমন্বয়কারী হিসাবে দায়িত্ব পালন করবেন এবং কর্মচারীদের কাজের সমন্বয় সাধন করবেন;

(৮) সরকারী ও বেসরকারী সংস্থা, দাতা সংস্থা ও বিদেশী কুটনীতিকদের সাথে সমন্বয় সাধন করবেন;

(৯) নির্বাহী পরিষদের সভায় সদস্য সচিব হিসেবে সঠিক কার্যবিবরণী সংরক্ষণ নিশ্চিত করবেন;

(১০) নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে বামাসপ-এর তহবিল ও সম্পদ সংগ্রহের উদ্যোগ নেবেন;

(১১) নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে বামাসপ-এর স্থাবর ও অস্থাবর যাবতীয় মূল্যবান সম্পদ সংক্রান্ত দলিল দস্তাবেজ সংরক্ষণ ও হেফাজত করবেন;

(১২) বামাসপ-এর অনুমোদিত চাকুরী বিধি অনুযায়ী কর্মচারী ব্যবস্থাপনা সংক্রান্ত দায়িত্ব পালন করবেন;

(১৩) তিনি সক্রিয় পরামর্শ দানের মাধ্যমে বামাসপ-এর উন্নয়ন ও নীতি নির্দ্ধারণে ভূমিকা পালন করবেন এবং বামাসপ-এর স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে প্রাজ্ঞ সিদ্ধান্ত গ্রহনে সাহায্য করবেন;

(১৪) তিনি নির্বাহী পরিষদ সভাসহ প্রয়োজনীয় সকল সভায় নিয়মিত যোগদান করবেন;

(১৫) এখানে উল্লেখ করা হয়নি কিন্তু বামাসপ-এর সাংগঠনিক ও কর্মসূচীর আলোকে অতীব গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হয় এমন যে কোন কাজ যার দায়িত্ব তাকে অর্পন করা হবে।

## ৬.৪ নির্বাহী পরিষদের সদস্য পদ শূন্য ও পূরণ

ক. নিম্নলিখিত কারণে নির্বাহী পরিষদের সদস্য পদ শূন্য হবে;

(১) স্বেচ্ছায় পদত্যাগ করলে এবং নির্বাহী পরিষদ পদত্যাগ পত্র অনুমোদন করলে;

(২) সাধারণ সদস্যপদ বাতিল/স্থগিত হলে;

(৩) মস্তিস্ক বিকৃতি বা মৃত্যু বরণ করলে;

(৪) সঙ্গত কারণ ব্যতীত পর পর তিনটি নির্বাহী পরিষদের নিয়মিত সভায় অনুপস্থিত থাকলে;

(৫) কোন রাজনৈতিক দলের সদস্য হিসেবে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে নির্বাচিত হলে তার সদস্য পদ শূন্য হবে;

(৬) কোন সদস্য সংগঠনের প্রতিনিধি নির্বাহী পরিষদের সদস্য হিসেবে নির্বাচিত হবার পর যদি তিনি উক্ত সংগঠন ত্যাগ করেন বা চাকুরীচ্যুত হন তাহলে তার সদস্যপদ বাতিল হবে।

খ. নির্বাহী পরিষদের শূন্য পদ পূরণ

নির্বাহী পরিষদের কোন পদ শূন্য হলে পরিস্থিতি বিচারে নির্বাচন বা নির্বাহী পরিষদ কর্তৃক কো-অপশানের মাধ্যমে সাধারণ পরিষদের সদস্য তালিকা থেকে প্রয়োজনীয় সংখ্যক সদস্যকে নির্বাহী পরিষদে অন্তর্ভূক্ত করা যেতে পারে।

অনুমোদিত



- পরীক্ষক

৬.৫ নির্বাহী পরিষদের মেয়াদকাল

নির্বাহী পরিষদের মেয়াদ হবে দুই বৎসর। বৎসর গণনা শুরু হবে দায়িত্ব গ্রহণের দিন থেকে। ক্ষমতাসীন নির্বাহী পরিষদ তাদের মেয়াদপূর্তি তারিখের পূর্ববর্তী পনের দিনের মধ্যে নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করবেন এবং মেয়াদপূর্তির সাথে সাথে নব-নির্বাচিত নির্বাহী পরিষদের নিকট দায়িত্ব হস্তান্তর করবেন। কোন কারণবশতঃ নির্দিষ্ট সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হলে, নির্বাচন পিছানো যেতে পারে। তবে যে কোন পরিস্থিতিতে মেয়াদপূর্তি তারিখের পরবর্তী ৩৯ দিনের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করে নব-নির্বাচিত নির্বাহী পরিষদের নিকট দায়িত্ব হস্তান্তর করতে হবে। এ সময়ের মধ্যে ও নির্বাচন অনুষ্ঠিত না হলে নির্বাহী পরিষদ মেয়াদোত্তীর্ণ বলে বিবেচিত হবে এবং একটি বিশেষ সাধারণ সভার মাধ্যমে সাধারণ সদস্যদের ভিতর থেকে অনধিক পাঁচ জন সদস্য নিয়ে একটি এডহক কমিটি গঠন করে নির্বাচন আয়োজনের ব্যবস্থা করা হবে। তবে এডহক কমিটির সদস্যগণ তাদের মেয়াদকালে নির্বাচনে অংশগ্রহণ করবেন না।

৭. উপদেষ্টা পরিষদ

ক. উপদেষ্টা পরিষদের গঠন

উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা থাকবে তিন থেকে পাঁচজন ৷

খ. উপদেষ্টা পরিষদের দায়িত্ব ও ক্ষমতা

উপদেষ্টা পরিষদ নির্বাহী পরিষদের আহ্বানে এবং সাংগঠনিক উন্নয়নে সুচিন্তিত পরামর্শ ও সুপারিশ পেশ করবেন। তবে উপদেষ্টা পরিষদের পরামর্শ বা সুপারিশ বামাসপ বা বামাসপ-এর নির্বাহী পরিষদ কর্তৃক অবশ্য পালনীয় সিদ্ধান্ত বলে বিবেচিত হবে না। এরূপ পরামর্শ বা সুপারিশ সম্পূর্ণ বা আংশিক গ্রহণ/বর্জনের এক্তিয়ার নির্বাহী পরিষদ ও সাধারণ পরিষদের। উপদেষ্টা পরিষদ পাঁচ বছরের জন্য নির্বাহী পরিষদ নির্বাচন/গঠনের সময় মনোনীত হবেন। উপদেষ্টা পরিষদের সদস্যগণ অত্যন্ত সম্মানিত ব্যক্তি হিসেবে গণ্য হবেন। উপদেষ্টাগণ আমন্ত্রণ সাপেক্ষে নির্বাহী পরিষদের সভায় পর্যবেক্ষক হিসাবে উপস্থিত থাকতে পারেন তবে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন না। সম্মানিত উপদেষ্টাগণ তাদের মেয়াদ শেষে পুনরায় মনোনীত হতে পারবেন।

৮. ভোটাধিকার

সাধারণ পরিষদ, নির্বাহী পরিষদ ও উপদেষ্টা পরিষদের সদস্যগণ নিজ নিজ পরিষদের সভায় এক সদস্য এক ভোটের ভিত্তিতে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

সাধারণ পরিষদের সভায় কেবলমাত্র বৈধ ভোটারগণ ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। সাধারণ সভা বা নির্বাচনে সেই সকল সদস্য বৈধ ভোটার বলে বিবেচিত হবেন যারা নিয়ম মাফিক(কোন বৎসরের জুন মাসের পূর্বে হলে পূর্ববর্তী বৎসরের এবং জুন মাসের পর হলে চলতি বৎসরের) সদস্য চাঁদা পরিশোধ করেছেন। কেবল মাত্র সদস্য সংগঠনের মনোনীত প্রতিনিধি ভোটদান করতে পারবেন। চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়নের পর প্রতিনিধি পরিবর্তন করা যাবে না এবং কোন ক্রমেই প্রক্সি ভোট গ্রহণযোগ্য হবে না। ভোটারগণ গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করবেন।

৯. নির্বাচন

ক. প্রতি দুই বছর অন্তর নির্বাহী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে;

খ. নির্বাহী পরিষদের সদস্যবৃন্দ সাধারণ সদস্যদের মধ্য থেকে নির্বাচিত হবেন;

গ. নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে সভাপতি নির্বাচনের অন্তত: ৪৫(পঁয়তাল্লিশ) দিন পূর্বে তারিখ নির্ধারন ও নিরপেক্ষ ব্যক্তিদের নিয়ে একটি নির্বাচন কমিশন গঠন করবেন;

ঘ. নির্বাচন কমিশন নির্বাচনী তফশীল ঘোষণা ও নির্বাচন পরিচালনা করবেন;

অনুমোদিত



আকরাম হোসেন চৌধুরী

নিবন্ধীকরন কর্তৃপক্ষের পক্ষে
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ

ঙ. প্রত্যেক সদস্য সংস্থা থেকে একজন প্রার্থী নির্বাহী পরিষদের নির্বাচনে একটি মাত্র পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন;

চ. কোন ব্যক্তি নির্বাহী পরিষদের সদস্য পদে পর পর দুই মেয়াদের বেশী নির্বাচনে প্রার্থী হতে পারবেন না;

ছ. শুধুমাত্র সদস্যপদ নবায়নকৃত চলতি সদস্য সংগঠন-এর প্রতিনিধিগণ অর্থাৎ বৈধ ভোটারগণ ভোটদানে অংশগ্রহণ ও নির্বাহী পরিষদ-এর পদের জন্য নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন;

জ. নির্বাহী পরিষদ-এর নির্বাচনের পূর্বে কোন পদে ত্রুটিপূর্ণ মনোনয়ন পত্র অথবা প্রত্যাহার কিংবা অন্যকোন কারণে যদি উক্ত পদে প্রার্থীতা শূন্য (ভেকেন্ট) হয় তাহলে উক্ত পদের জন্য পুনরায় নির্বাচন অনুষ্ঠিত হবে;

ঝ. কার্যনির্বাহী পরিষদ নির্বাচন-এর নীতিমালা ও নির্বাচন জনিত নিয়ম কানুন এবং নির্বাচনী আচরণবিধি প্রণয়ণ করবেন এবং তার ভিত্তিতে নির্বাচন কমিশন নির্বাচন অনুষ্ঠান করবেন।

১০. সভা

১০.১ বার্ষিক সাধারণ সভা

বামাসপ-এর চলতি বৈধ সাধারণ সদস্যদের নিয়ে গঠিত সাধারণ পরিষদ প্রতি বৎসর একটি বার্ষিক সাধারণ সভায় মিলিত হবেন। এই সভায় বার্ষিক কর্মপ্রতিবেদন, হিসাব প্রতিবেদন, অডিট রিপোর্ট এবং পরবর্তী বৎসরের বাজেট ও কর্মপরিকল্পনা পেশ করা হবে এবং এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা হবে। নির্বাহী পরিষদ বামাসপ-এর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সহায়তায় বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করবেন।

১০.২ বিশেষ সাধারণ সভা

কোন বিশেষ প্রয়োজনে সাধারণ পরিষদ বিশেষ সাধারণ সভায় মিলিত হতে পারবেন। গুরুত্ব বিচারে বিশেষ সাধারণ সভা বার্ষিক সাধারণ সভার সমকক্ষ বলে বিবেচিত হবে এবং এরূপ সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বামাসপ-এর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সহায়তায় নির্বাহী পরিষদ বাস্তবায়ন করবেন।

১০.৩ ফোরাম সভা

বামাসপ-এর সাধারণ সদস্য ও পর্যবেক্ষক সদস্যদের নিয়ে প্রতি দুইমাস অন্তর ফোরাম সভা অনুষ্ঠিত হবে। ফোরাম সভায় বাংলাদেশে সাম্প্রতিক মানবাধিকার পরিস্থিতির উপর আলোচনা অনুষ্ঠিত হবে। সাধারণ সভায় নির্বাহী পরিষদ, সাধারণ পরিষদ ও পর্যবেক্ষক সদস্যগণ সক্রিয় অংশগ্রহণ করবেন এবং এ বিষয়ে সুপারিশ সমূহ নির্বাহী পরিষদ-এর নিকট পেশ করবেন। তবে ফোরাম সভার পরামর্শ বা সুপারিশ সমূহ বামাসপ বা বামাসপ-এর নির্বাহী পরিষদ কর্তৃক অবশ্য পালনীয় সিদ্ধান্ত বলে বিবেচিত হবে না। এরূপ পরামর্শ বা সুপারিশ সম্পূর্ণ বা আংশিক গ্রহণ/বর্জনের এক্তিয়ার নির্বাহী পরিষদ ও সাধারণ পরিষদের ।

১০.৪ নির্বাহী পরিষদ সভা

বামাসপ-এর নির্বাহী পরিষদ প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হবেন। নিবাহী পরিষদ সভায় সংস্থার নীতিমালা, কর্মকৌশল, কর্মসূচী, প্রশাসনিক বিষয়সহ অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা ও পর্যালোচনা করবেন এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন।

১০.৫ উপদেষ্টা পরিষদ সভা

বামাসপ-এর উপদেষ্টা পরিষদ বৎসরে অন্যূন তিনবার সভায় মিলিত হবেন। উপদেষ্টা পরিষদ সভায় সংস্থার নীতিমালা, কর্মকৌশল, কর্মসূচী, প্রশাসনিক বিষয়সহ অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা ও পর্যালোচনা করবেন এবং প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন করবেন। উপদেষ্টা পরিষদের সুপারিশমালা বিবেচনার জন্য নির্বাহী পরিষদের নিকট পেশ করা হবে।

অনুমোদিত

আকরাম হোসেন চৌধুরী
মহাসচিব

পরীক্ষিত

নিবন্ধীকরন কর্তৃপক্ষের পক্ষে

১০.৬ তলবী সভা

সাধারণ পরিষদের দুই তৃতীয়াংশ সদস্যের যৌথ সাক্ষরে সুনিদিষ্ট এজেন্ডা নির্ধারন পূর্বক সভাপতির বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে। আবেদন পত্র প্রাপ্তির পর সভাপতি ২১ দিনের মধ্যে উক্ত সভা আহব্বান করতে ব্যর্থ হলে আবেদন কারীদের মধ্যে এক জনকে আহবায়ক করে তলবী সভা আহবান করা যেতে পারে। মোট সাধারন সদস্যদের মধ্যে দুই-তৃতীয়াংশ সস্যদের যে কোন সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১০.৭ মূলতবী সভা

কোন কারণবশত: কোরামের অভাবে অথবা অন্য কোন কারণবশত: সভা মূলতবী হতে পারে। সভা মূলতবী হলে উক্ত সভার যে তারিখ ও সময় নির্ধারণ করা হবে, সে তারিখে মূলতবী সভা অনুষ্ঠিত হবে। মূলতবী সভার জন্য কোরামের প্রয়োজন হবে না।

১০.৮ সভার কোরাম

ক. নির্বাহী পরিষদের সভায় দুই-তৃতীয়ংশ সদস্যদের উপস্থিতিতে কোরাম হবে;

খ. সাধারণ পরিষদ-এর সভায় দুই-তৃতীয়ংশ সদস্যের উপস্থিতিতে কোরাম হবে;

গ. নির্বাহী পরিষদের জরুরী সভায় দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম হবে;

ঘ. তলবী সভায় সাধারণ পরিষদের সভার কোরাম প্রযোজ্য হবে;

ঙ. মূলতবী সভার জন্য কোরামের প্রয়োজন হবে না।

১০.৯ সভার নোটিশ

ক. সাধারণ পরিষদের বার্ষিক সভার নোটিশ ৩০(ত্রিশ) দিন পূর্বে এবং নির্বাহী পরিষদ ও উপদেষ্টা পরিষদের সভার নোটিশ ৭(সাত) দিন পূর্বে দিতে হবে;

খ. সাধারণ পরিষদের বিশেষ সভার ১৫(পনের) দিন পূর্বে এবং নির্বাহী পরিষদ ও উপদেষ্টা পরিষদের বিশেষ সভার ৩(তিন) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে;

গ. ফোরাম সভার নোটিশ ১৫(পনের) দিন পূর্বে প্রদান করতে হবে;

ঘ. নির্বাহী পরিষদের জরুরী সভা ২৪ ঘন্টার নোটিশে আহ্বান করা যাবে কিন্তু জরুরী সভায় গৃহীত সিদ্ধান্তবলী পরবর্তী নির্বাহী পরিষদের সভায় অনুমোদন করাতে হবে;

ঙ. তলবী সভার নোটিশ ১৫ দিন পূর্বে দিতে হবে;

চ. মূলতবী সভার জন্য যে তারিখ ও সময় নির্দ্ধারিত হবে, সেই তারিখ ও সময়ে সভা অনুষ্ঠিত হবে।

১১. গঠনতন্ত্র সংশোধনী

ক. বামাসপ-এর গঠনতন্ত্রের ধারা/উপ-ধারার উপর সংশোধনীর প্রয়োজন দেখা দিলে যে কোন সদস্য এ ব্যাপারে বার্ষিক সাধারণ সভার ১(এক) মাস পূর্বে লিখিতভাবে সভাপতিকে অবহিত করতে পারেন অথবা নিজেই খসড়ার মাধ্যমে সংশোধনী প্রস্তাব করতে পারেন। গঠনতন্ত্রের সংশোধনী কেবলমাত্র সাধারণ সভায়ই বিবেচিত হতে পারে;

খ. কেবলমাত্র অবহিত করার ক্ষেত্রে সভাপতি সংশোধনী বিষয়ে একটি উপ-পরিষদ গঠন করবেন। উক্ত উপ-পরিষদ গঠনতন্ত্রের সংশোধনীর একটা খসড়া তৈরী করবেন;

গ. বিশেষ সাধারণ সভা বা বার্ষিক সাধারণ সভায় কোরাম অনুযায়ী উপস্থিত মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশ সাধারণ সদস্য একমত হলে গঠনতন্ত্রের সংশোধনী গৃহীত হবে;



আকরাম হোসেন চৌধুরী
মহাসচিব

পরীক্ষিত

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষের পক্ষে

ছ. খসড়া সংশোধনী প্রস্তাবটি বিশেষ সাধারণ সভা/সাধারণ সভার অন্তত ১(এক) মাস পূর্বে সদস্যদের নিকট সরবরাহ করতে হবে;

জ. কোন খসড়া সংশোধনী গৃহীত হবার পর তা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কতৃপক্ষের অনুমোদন ক্রমে কার্যকর বলে বিবেচিত হবে।

## ১২. তহবিল/আর্থিক লেনদেন

### ১২.১ তহবিল গঠন

ক. বামাসপের অর্জিত আয়, সদস্য অন্তর্ভূক্তি চাঁদা, সদস্যদের বার্ষিক চাঁদা, এক কালীন অনুদান, কর্মসূচী বাস্তবায়নের জন্য দেশী-বিদেশী দাতা প্রতিষ্ঠানের সাহায্য হিসেবে অনুদান, প্রভৃতি সংস্থার তহবিল হিসেবে গণ্য হবে;

খ. তহবিল গঠন ও কর্মসূচী পরিচালনা সংক্রান্তে বামাসপ স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন ও হস্তান্তর করতে পারবে।

### ১২.২ তহবিল অপারেশন(আর্থিক ব্যবস্থাপনা)

ক. প্রচলিত অর্থ-ব্যবস্থাপনা নিয়মনীতির অধীনে বামাসপ-এর হিসাব সংক্রান্ত খাতা পত্র, বিল-ভাউচার ও অন্যান্য রেকর্ড সংরক্ষণ করতে হবে;

খ. বামাসপ-এর সকল প্রকার জমা ও খরচের হিসাব নির্বাহী পরিষদের সভায় অনুমোদনের জন্য পেশ করতে হবে;

গ. বামাসপ-এর প্রয়োজনে নির্বাহী পরিষদের অনুমতিক্রমে পরিচালক বামাসপ বহির্ভূত খাত থেকে ঋণ গ্রহণ করতে পারবেন। তহবিলে অর্থ জমা হলে উক্ত ঋণকৃত অর্থ পরিশোধ করা হবে;

ঘ. সকল প্রকার জমা ও খরচের হিসাব, বিল-ভাউচার-এ পরিচালকের স্বাক্ষর অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন থাকতে হবে। অফিসের কাজে পরিচালক কর্তৃক ব্যয়কৃত যাবতীয় বিল ভাউচার সভাপতি অনুমোদন করবেন।

### ১২.৩ ব্যাংকিং

সভাপতি, কোষাধ্যক্ষ এবং সদস্য সচিব/পরিচালকের সম্মিলিত স্বাক্ষরে বাংলাদেশের যে কোন তফশিলী ব্যাংকে সংস্থার নামে হিসাব খোলা যাবে। সংগৃহীত অর্থ ব্যাংকে জমা রাখতে হবে। ব্যাংকে গচ্ছিত তহবিল সভাপতির স্বাক্ষর বাধ্যতা মূলক রেখে কোষাধ্যক্ষ এবং সদস্য সচিব/পরিচালক-এর যে কোন একজনের স্বাক্ষর সহ মোট দুই জনের স্বাক্ষরে বামাসপ-এর ব্যাংক হিসাব পরিচালিত হবে।

### ১২.৪ বার্ষিক হিসাব প্রতিবেদন ও অডিট রিপোর্ট

বামাসপ-এর বার্ষিক হিসাব প্রতিবেদন এবং অডিট রিপোর্ট বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। সাধারণ সভায় অনুমোদিত হিসাব ও অডিট প্রতিবেদন সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কতৃপক্ষ ও দাতা সংস্থাকে প্রদান করতে হবে। এ উপলক্ষে বামাসপ-এর বার্ষিক অডিট রিপোর্ট বার্ষিক সাধারণ সভার ১৫(পনের)দিন পূর্বে সাধারণ সদস্যদের কাছে পৌছাতে হবে।

### ১২.৫ অডিট

প্রতি অর্থ বছরান্তে রেজিস্ট্রেশন কতৃপক্ষ ও নির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত একটি বৈধ এবং সুনামের অধিকারী, সরকার অনুমোদিত অডিট ফার্ম দ্বারা বামাসপ-এর বার্ষিক হিসাব পত্র অডিট করাতে হবে।

অনুমোদিত

জাকরাম হোসেন চৌধুরী
মহাসচিব

পরীক্ষিত

নিবন্ধীকরন কতৃপক্ষের পক্ষে
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ

১৩. বার্ষিক প্রতিবেদন

সদস্য সচিব সংস্থার কর্মকান্ডের একটি বার্ষিক প্রতিবেদন প্রস্তত করে প্রাথমিক অনুমোদনের জন্য নির্বাহী পরিষদে পেশ করবেন। নির্বাহী পরিষদে প্রাথমিকভাবে অনুমোদিত প্রতিবেদনটি চূড়ান্ত অনুমোদনের জন্য সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। সাধারণ সভায় অনুমোদিত বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষ ও দাতা সংস্থাকে প্রদান করতে হবে।

১৪. পরিষদের কর্মচারী নিয়োগ

বামাসপ-এর পরিচালক বা সদস্য সচিব নির্বাহী পরিষদ কর্তৃক নিয়োগ লাভ করবেন। তিনি বামাসপ-এর প্রশাসনিক ও কর্মসূচী সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে প্রধান নির্বাহী হিসেবে কাজ করবেন। নির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে তিনি বামাসপ-এর অনুমোদিত চাকুরী বিধি অনুযায়ী অপরাপর কর্মচারী নিয়োগ করবেন। কর্মকর্তা কর্মচারী নিয়োগের পূর্বে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের পূর্বনুমতি গ্রহণ করা হবে।

১৫. গঠনতন্ত্রের ব্যাখ্যা দান

গঠনতন্ত্রের ব্যাখ্যাদান করবেন সভাপতি। অপরাপর নির্বাহী সদস্যগণ তাঁকে সহায়তা করবেন।

১৬. বিশেষ ক্ষমতা

ক. নির্বাহী পরিষদ কর্তৃক গৃহীত নীতিমালা ও সিদ্ধান্ত সমূহ যদি সংবিধান-এর কোন ধারা ও উপধারা কিংবা অনুচ্ছেদ-এর সাথে অসংগতিপূর্ণ হয় তাহলে গৃহীত নীতিমালা ও সিদ্ধান্তবলী অকার্যকর ও বাতিল হবে।

খ. বামাসপ এর কার্যাবলী পরিচালনায় বিধি বিধান গঠনতন্ত্রে উল্লেখ নেই। এমন কোন ঘটনার উদ্ভব হলে সেই সকল ক্ষেত্রে প্রথানুসারে নির্বাহী পরিষদ সমাধান করতে পারেন।

১৭. অবলুপ্তি

সংগত কারণে বামাসপ-এর অবলুপ্তির প্রয়োজন দেখা দিলে উক্ত উদ্দেশ্যে আহুত বিশেষ সাধারণ সভায় তিন-পঞ্চমাংশ সদস্যের উপস্থিতিতে সর্বসম্মত সিদ্ধান্তে বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ অবলুপ্ত করা যাবে। তবে বিলুপ্তির কারণে বামাসপ-এর স্থাবর অস্থাবর সম্পত্তি প্রথমত দায়-দেনা পরিশোধার্থে ব্যবহৃত হতে পারবে, এবং দ্বিতীয়তঃ নিবন্ধিকরণ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সমমনা সংগঠনকে দান করা যেতে পারে।

১৮. গঠনতন্ত্র অনুমোদন

বামাসপ-এর গঠনতন্ত্র এবং গঠনতন্ত্রের সংশোধনী সাধারণ সভায় অনুমোদনের পর নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কার্যকর বলে বিবেচিত হবে।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজসেবা অধিদপ্তরের(নিবন্ধিকরণ ও নিয়ন্ত্রণ)অধ্যাদেশ ১৯৬১-এর বিধান অনুযায়ী বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ(বামাসপ)-এর গঠনতন্ত্রের প্রতিটি ধারা, উপ-ধারা পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করার পর ২৬ আগষ্ট ১৯৮৭ সালে প্রথমবারের মত বামাসপ-এর গঠনতন্ত্র সাধারণ সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত হয় এবং নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদন লাভ করে। পরবর্তীতে ১০ সেপ্টেম্বর ১৯৯৫ তারিখে বামাসপ-এর বিশেষ সাধারণ সভায় উক্ত গঠনতন্ত্রের দ্বিতীয় সংশোধনী এনে সর্ব সম্মতিক্রমে তা গৃহীত হয়। সংশোধিত গঠনতন্ত্র বিষয়ে নিবন্ধন কর্তৃপক্ষের মন্তব্যের পরিপ্রেক্ষিতে ১৭ ডিসেম্বর ১৯৯৭ তারিখে অনুষ্ঠিত বামাসপ-এর বিশেষ সাধারণ সভায় গঠনতন্ত্রটি পুনঃপর্যালোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

##########

আকরাম হোসেন চৌধুরী
মহাসচিব
বামাসপ

পরীক্ষিত

অনুমোদিত

নিবন্ধীকরন কর্তৃপক্ষের পক্ষে
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ
জেলা সমাজ সেবা অধিদপ্তর, ঢাকা